


# অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা

লং আইল্যান্ড

2019

Bengali

# সূচিপত্র

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিসের (New York State Education Department's Office of Bilingual Education and World Languages) পক্ষ থেকে একটি বার্তা ..... i

সাম্প্রতিক অভিবাসন-সংক্রান্ত পদক্ষেপগুলির নির্দেশনা ..... iii

এই নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হয় ..... iv

সংস্থার ডাইরেক্টরি ..... 1

1. Adelante of Suffolk County, Inc. (Central Islip, NY) ..... 1
2. Catholic Charities Diocese of Rockville Centre (Amityville, NY) ..... 1
3. Central American Refugee Center (Hempstead, NY) ..... 1
4. Centro Corazón de Maria (Hampton Bays, NY) ..... 1
5. Centro Salvadoreño, Inc. (Hempstead, NY) ..... 2
6. Círculo de la Hispanidad (Hempstead, NY & Long Beach, NY) ..... 2
7. Colonial Youth & Family Services (Shirley, NY) ..... 2
8. Community Legal Advocates of New York (Garden City, NY) ..... 2
9. Community Voices for Youth & Families (Roslyn, NY) ..... 3
10. Coordinated Agency for Spanish Americans (Hempstead, NY) ..... 3
11. Dejus Center, Inc. (Hempstead, NY) ..... 3
12. EAC Network ..... 3
13. Empire Justice Center (Central Islip, NY) ..... 4
14. Family & Children’s Association ..... 4
15. Family Service League – Long Island (Huntington, NY) ..... 4
16. Gerald Ryan Outreach Center (Wyandanch, NY) ..... 4
17. Health and Welfare Council of Long Island (Melville, NY) ..... 5
18. Hempstead Hispanic Civic Association (Hempstead, NY) ..... 5
19. Hispanic Brotherhood of Rockville Centre, Inc. (Rockville Centre, NY) ..... 5
20. Hispanic Counseling Center (Hempstead, NY) ..... 5
21. The Interfaith Nutrition Network (Hempstead, NY) ..... 6
22. La Fuerza Unida (Glen Cove, NY) ..... 6
23. LGBT Network ..... 6
24. Literacy Nassau, Inc. (Freeport, NY) ..... 7
25. Long Beach Latino Civic Association (Long Beach, NY) ..... 7
26. The Long Island Advocacy Center (New Hyde Park, NY) ..... 7
27. Long Island Cares, Inc. (Hauppauge, NY) ..... 7
28. Long Island Language Advocates Coalition ..... 8
29. Long Island 2-1-1 ..... 8

30. Make the Road New York (Brentwood, NY) ........ 8
31. North Shore Child & Family Guidance Center (Roslyn Heights, NY) ........ 8
32. Organización Latino-Americana of Eastern Long Island (Sagaponack, NY) ........ 9
33. Pride for Youth (Bellmore, NY) ........ 9
34. Pronto of Long Island, Inc. (Bay Shore, NY) ........ 9
35. SEPA Mujer (Patchogue, NY) ........ 9
36. Suffolk County Division of Services for Children with Special Needs ........ 10
37. Suffolk County Youth Bureau ........ 10
স্টেটব্যাপী সংস্থান ........ 11
স্টেটব্যাপী জনসমাজ-ভিত্তিক সংস্থাসমূহ ........ 12
কৃতজ্ঞতা স্বীকার ........ 14

*অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা* সর্বজনীন সংস্থান হিসেবে প্রদান করা হয়। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department, NYSED) কোনো তালিকাভুক্ত সংস্থার পরিষেবার মান নিয়ন্ত্রণ করে না বা তার নিশ্চয়তা দেয় না, এবং কোনো সংস্থার উল্লেখকে NYSED দ্বারা সংস্থাটি ও তার পরিষেবার সমর্থন বা ইঙ্গিত হিসেবে বিবেচনা করা যায় না।

* সংস্থাটি সবাইকে পরিষেবা প্রদান করে, ধর্মীয় সম্বন্ধ নির্বিশেষে।

# নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিসের (New York State Education Department's Office of Bilingual Education and World Languages) পক্ষ থেকে একটি বার্তা

বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীরা (MLLs/ELLs) যাতে ভালভাবে সহায়তা পায় ও উন্নতিলাভ করতে পারে তা সুনিশ্চিত করার জন্য মা-বাবা, অভিভাবক এবং মা-বাবার মতো সম্পর্ক থাকা অন্যান্য মানুষদের একটি অবহিত, ক্ষমতাপ্রাপ্ত সমাজ বা কমিউনিটি থাকা অত্যাবশ্যক। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিস (Office of Bilingual Education and World Languages, OBEWL) ***অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা তৈরি করেছে*** যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে সংস্থাগুলির একটি তালিকা প্রদান করে। প্রতিটি সংস্থা বিভিন্ন ধরনের পরিষেবা দেয়। এই পরিষেবাগুলির মধ্যে কয়েকটি হল পরামর্শদান ও সমাজের অংশগ্রহণ, স্বাস্থ্য পরিচর্যা ও বীমা, আবাসন, শ্রম ও কর্মসংস্থান, আইনি পরিষেবা ও আইনি মর্যাদা, সর্বজনীন সহায়তা, নিরাপত্তা, এবং যুবসমাজ ও শিক্ষা, যা মা-বাবা ও সমাজের জন্য উপযোগী হতে পারে।

OBEWL নিউ ইয়র্ক স্টেট জুড়ে MLLs/ELLs ও তাদের পরিবারগুলিকে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। MLLs/ELLs এর মা-বাবা ও প্রাক্তন MLLs/ELLs-কে এই সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়, যখন তাদের সহায়তার প্রয়োজন হয়। পরিবারগুলির প্রয়োজনকে সমর্থন দেওয়া হলে, শিশুরা পঠনপাঠনের সাফল্য অর্জন করা এবং কলেজ ও কর্মজীবনের জন্য প্রস্তুত হওয়ার জন্য একটি ভিত্তির ওপরে গড়ে উঠতে পারে।

OBEWL MLLs/ELLs এর মা-বাবাদের জন্য অনেক সংস্থান প্রস্তুত করেছে যেগুলিকে আপনি উপযোগী মনে করতে পারেন:

- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার সংস্থান-*** এখানে আপনি এই বিষয়ে তথ্য পাবেন যে শিশুদের কীভাবে MLLs হিসেবে সনাক্ত করা হয়, MLLs/ELLs এর জন্য কোন ধরনের কার্যক্রম উপলব্ধ আছে, শিক্ষার্থীরা কখন MLLs/ELLs কার্যক্রম ও পরিষেবা থেকে প্রস্থান করতে পারে এবং মা-বাবারা কীভাবে স্থানীয় স্কুলগুলির কাছ থেকে অতিরিক্ত তথ্য, উপাদান ও সংস্থান পেতে পারেন।
  http://www.nysed.gov/bilingual-ed/english-language-learnermultilingual-learner-parent-resources
- ***নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার জন্য একটি নির্দেশিকা -*** এটি একটি দশ পাতার পুস্তিকা যেখানে অন্তর্ভুক্ত আছে একটি নতুন ভাষা কার্যক্রম হিসেবে দ্বিভাষিক শিক্ষা ও ইংরেজির বর্ণনা, MLLs/ELLs সম্বন্ধে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন, দ্বিভাষিকতা ও দ্বিভাষী শিক্ষা সম্বন্ধে তথ্য, MLL/ELL-এর মা-বাবাদের জন্য সংস্থানগুলির লিংক, এবং "আপনার শিশুর শিক্ষায় অংশগ্রহণ করা" বিষয়ক পরামর্শ। এই পুস্তিকাটি পঁচিশটি ভাষায় অনুবাদ করা হয়েছে, যার অন্তর্ভুক্ত হল NYS এ MLL/ELL-দের দশটি শীর্ষ বাড়ির ভাষা।
  http://www.nysed.gov/bilingual-ed/guide-parents-english-language-learnersmultilingual-learners-new-york-state
- ***মা-বাবার অধিকারসমূহের বিল-*** এই নথিটি MLL/ELL ও তাদের মা-বাবাদের জন্য শিক্ষামূলক সুযোগলাভ ও কার্যক্রমের প্রসঙ্গে অত্যাবশ্যক অধিকারগুলির সারাংশ প্রদান করে। এই মূল অধিকারগুলিকে সহজে রেফার করা যায় এমন এক পাতার ফরম্যাটে সারাংশ দেওয়া হয়েছে এবং সাতাশটি ভাষায় অনুবাদ করা হয়েছে।
  http://www.nysed.gov/bilingual-ed/parents-bill-rights-new-york-states-english-language-learnersmultilingual-learners-ell
- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার জন্য হটলাইন-*** MLLs/ELLs-এর মা-বাবা, অভিভাবক এবং মা-বাবার মতো সম্পর্ক থাকা অন্য মানুষদেরকে কমিশনারের বিধিনিয়ম 154 অনুযায়ী তাদের সন্তানদের অধিকার ও পরিষেবাগুলি

সম্বন্ধে তথ্য দেওয়ার জন্য এই হটলাইন তৈরি করা হয়েছে। এটি এই পরিষেবাগুলি প্রদান সম্বন্ধে সুনির্দিষ্ট প্রশ্নগুলির জবাব দেওয়ার একটি কর্মপন্থাও প্রদান করে। **ফোন নম্বর:** (800) 469-8224 https://steinhardt.nyu.edu/metrocenter/ellparenthotline

- ***NYSITELL ও NYSESLAT মা-বাবাদের নির্দেশিকা-*** এই নির্দেশিকাগুলি মূল্যায়নগুলির মধ্যে থেকে দুটির ব্যাখ্যা দেয় যেগুলি সেইসকল শিক্ষার্থীর ইংরেজি ভাষার স্তর/দক্ষতা মূল্যায়ন করে যাদের বাড়িতে কথা বলার ভাষা বা মুখ্য ভাষা ইংরেজি ছাড়া অন্য কিছু। এই নির্দেশিকাগুলিকে বাইশটি ভাষায় অনুবাদ করা হয়েছে।

  http://www.nysed.gov/bilingual-ed/nysitell-and-nyseslat-parent-guides
- **মা-বাবার ওরিয়েন্টেশন ভিডিও: *নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থী কার্যক্রমগুলি 10টি ভাষায় উপলব্ধ-*** এই হোয়াইটবোর্ড অ্যানিমেশন ভিডিওটি MLL/ELL সনাক্তকরণ ও মূল্যায়ন প্রক্রিয়াকে বর্ণনা করে এবং উপলব্ধ বিভিন্ন কার্যক্রমের বিকল্পগুলিকে সবিস্তারে বর্ণনা করে। এটি নতুন ভাষা হিসেবে ইংরেজি এবং বিভিন্ন বহুভাষিক শিক্ষা কার্যক্রমের মডেলগুলির মধ্যে পার্থক্যগুলিকেও বর্ণনা করে।

  http://www.nysed.gov/bilingual-ed/parent-orientation-video-english-language-learner-ell-programs-new-york-state.

  ভিডিও আখ্যানের পাঠ্যটি অতিরিক্ত 9টি ভাষাতেও পাওয়া যায়

  http://www.nysed.gov/bilingual-ed/parent-orientation-video-english-language-learner-ell-programs-new-york-state
- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য কলেজের পথচিত্র-*** নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য কলেজে প্রবেশের নির্দেশিকা।

  http://www.nysed.gov/bilingual-ed/roadmap-college
- এছাড়াও নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) প্রতিটি অফিস মা-বাবাদের সহায়তা দেওয়ার জন্য অনেক সংস্থান তৈরি করেছে। বিভাগের সবগুলি অফিসের একটি তালিকা পেতে অনুগ্রহ করে দেখুন: http://www.nysed.gov/about/program-offices

# সাম্প্রতিক অভিবাসন-সংক্রান্ত পদক্ষেপগুলির নির্দেশনা

**আমাদের স্কুলগুলি যাতে নিরাপদ আশ্রয় হয় যেখানে সব শিক্ষার্থী শিক্ষালাভ করতে পারে, তা সুনিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department) প্রতিশ্রুতিবদ্ধ। NYSED এর সঙ্গে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস অভিবাসী শিক্ষার্থীদের সুরক্ষা দেওয়ার জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করেছে।**

*অভিবাসনের অবস্থা সম্বন্ধে তথ্য:*

- নিউ ইয়র্ক স্টেটে শিক্ষা আইনে বলা আছে যে পাঁচ বছরের বেশি ও একুশ বছরের কম বয়সী সব শিশু যারা হাই স্কুলের ডিপ্লোমা পায় নি তারা নাগরিকত্ব বা অভিবাসনের অবস্থা নির্বিশেষে, শিক্ষার মূল্য প্রদান না করে, যে স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে সেখানে সরকারী স্কুলে পড়াশোনা করার অধিকারী।
- প্লাইলার বনাম ডো মামলায় সুপ্রিম কোর্ট আদেশ দিয়েছিল যে স্কুল ডিস্ট্রিক্টগুলি শিশুদেরকে তাদের অথবা তাদের মা-বাবা বা অভিভাবকের নথিবিহীন বা অ-নাগরিক অবস্থার ভিত্তিতে বিনামূল্যে সরকারী শিক্ষা দিতে অস্বীকার করতে পারে না।
- নিবন্ধনের সময় স্কুলগুলির এমন প্রশ্ন করা উচিত নয় যা একটি শিশুর অভিবাসনের অবস্থা প্রকাশ করতে পারে, যেমন সামাজিক সুরক্ষা নম্বরের জন্য অনুরোধ করা।
- শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎ করা বা তাদের সাক্ষাৎকার নেওয়া, বা শিক্ষার্থীর রেকর্ডে প্রবেশাধিকার পাওয়া সমেত, U.S. ইমিগ্রেশন ও কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) এর পক্ষ থেকে অনুসন্ধানের প্রসঙ্গে, স্কুল ডিস্ট্রিক্টের কর্মীদের উচিত অবিলম্বে তাদের সুপারিন্টেন্ডেন্ট ও স্কুল অ্যাটর্নিদের সঙ্গে পরামর্শ করা, যাতে নির্ধারণ করা যায় যে এই ধরনের কোনো অনুরোধ রক্ষা করা হলে স্কুল ডিস্ট্রিক্টটি নিউ ইয়র্ক পারিবারিক আদালত আইন (New York Family Court Act, NYFCA) ও ফেডারাল পরিবারের শিক্ষামূলক অধিকার ও গোপনীয়তা আইন (Family Educational Rights and Privacy Act, FERPA) সমেত সাধারণ প্রয়োগযোগ্যতার কোনো আইন লংঘন করতে পারে কিনা।

*স্কুলে বৈষম্য, হয়রানি ও উৎপীড়নের প্রসঙ্গে তথ্য:*

- শিক্ষার্থীদেরকে স্কুলের সম্পত্তির মধ্যে, স্কুলের একটি বাসে, ও/বা স্কুলের কোনো অনুষ্ঠানে বৈষম্য, হয়রানি ও উৎপীড়ন থেকে মুক্ত, একটি নিরাপদ ও সহায়তামূলক পরিবেশ প্রদানের জন্য নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীর জন্য মর্যাদা আইনটি (Dignity for All Students Act, DASA) 2012 সালে স্বাক্ষরিত হয়ে আইন হিসেবে মর্যাদা পেয়েছিল এবং 2013 সালে এটিকে সংশোধন করে সাইবার উৎপীড়নকেও এর অন্তর্ভুক্ত করা হয়েছিল।
- যে সব ডিস্ট্রিক্ট, মা-বাবা ও অভিভাবকের DASA প্রসঙ্গে কোনো প্রশ্ন আছে, তাদেরকে NYSED সহায়তা দেয়। এখানে বিভাগটির সঙ্গে যোগাযোগ করা যায়:
  - অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন অ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস (Office of Bilingual Education and World Languages) (718) 722-2445 নম্বরে অথবা ই-মেলে obewl@nysed.gov।
  - অফিস অফ স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস (Office of Student Support Services) (518) 486-6090 নম্বরে অথবা ই-মেলে studentsupportservices@nysed.gov ঠিকানায়।
  - ভাষা সহায়তার জন্য ভাষাগত আঞ্চলিক দ্বিভাষিক শিক্ষা সংস্থান নেটওয়ার্ক (Language Regional Bilingual Education Resource Network, RBERN) এর মা-বাবাদের জন্য তৈরী হটলাইনে যোগাযোগ করুন (800) 469-8224 নম্বরে বা nysparenthotline@nyu.edu এ।
- এই যোগাযোগ ও অনুবাদগুলির একটি বিধিবদ্ধ কপির জন্য অনুগ্রহ করে দেখুন: http://www.nysed.gov/bilingual-ed/information-regarding-recent-immigration-related-actions.

*নিয় ইয়র্ক গভর্নরের অফিসের পক্ষ থেকে নির্দেশনা:*

- গভর্নর অ্যানড্রু এম. কুওমো দ্বারা স্বাক্ষরিত কার্যনির্বাহী আদেশ 170 অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটে এজেন্সি ও অফিসারদের দ্বারা কোনো ব্যক্তির অভিবাসনের অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করা বা তা প্রকাশ করা নিষিদ্ধ, যদি না তা আইন অনুযায়ী আবশ্যক হয় কিংবা কোনো সুবিধা বা পরিষেবার যোগ্যতা নির্ধারণের জন্য তা প্রয়োজনীয় হয়। আইন বলবৎকারী অফিসাররাও এর অন্তর্ভুক্ত, যদি না তারা কোনো অপরাধমূলক কার্যকলাপের তদন্ত করেন। কার্যনির্বাহী আদেশটি এখানে দেখুন: https://www.governor.ny.gov/news/governor-cuomo-signs-executive-order-prohibiting-state-agencies-inquiring-about-immigration.

- ❖ নিউ ইয়র্ক স্টেট গভর্নরের অফিস অভিবাসীদের জন্য পুনরায় তার সমর্থন পুনর্নিশ্চিত করেছে এবং কিছু উদ্যোগের ঘোষণা করেছে, যেমন সম্ভাব্য ঘৃণাজনিত অপরাধের তদন্ত করার জন্য একটি নতুন স্টেট পুলিশ ঘৃণাজনিত অপরাধের ইউনিট (Hate Crimes Unit) তৈরি করা, স্টেট ব্যাপী সব শিক্ষার্থীকে সুরক্ষা দেওয়ার জন্য নিউ ইয়র্কের মানবাধিকার আইনকে প্রসারিত করা এবং সব অভিবাসী যাতে তথ্য ও প্রতিনিধিত্বের সুযোগ পায় তা সুনিশ্চিত করার জন্য নতুন আমেরিকান ও অভিবাসীদের আইনি প্রতিরক্ষা তহবিল (New Americans and Immigrant Legal Defense Fund) এর অফিস প্রতিষ্ঠা করা। গভর্নরের বক্তব্যটি এখানে দেখুন: https://www.ny.gov/programs/we-are-all-immigrants.

# এই নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হয়

**নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department) দৃঢ়ভাবে বিশ্বাস করে যে শিশুর শিক্ষা শুধু শ্রেণীকক্ষেই হয় না, বরং তার বাড়িতে ও সমাজেও সে শিক্ষালাভ করে। এই ডাইরেক্টরি লং আইল্যান্ডে জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি তালিকা প্রদান করে যা বিভিন্ন প্রকারের পরিষেবা প্রদান করে, যেগুলি অভিবাসী নিউ ইয়র্ক বাসীদের জন্য উপযোগী হতে পারে।**

- ❖ ডাইরেক্টরিতে সংস্থার নাম, অবস্থান, যোগাযোগের তথ্য, প্রদত্ত পরিষেবাগুলির সংক্ষিপ্ত বর্ণনা, এবং এই পরিষেবাগুলি যে ভাষাগুলিতে প্রদান করা হয় তার তালিকা দেওয়া হয়।
- ❖ সংস্থাগুলিকে বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়।
- ❖ বেশির ভাগ তালিকাভুক্ত পরিষেবা বিনামূল্য। তবে, কতগুলি তা নয়। কোনো সংস্থার পরিষেবা ব্যবহার করার আগে আপনার সবসময় খরচ নিশ্চিতভাবে জেনে নেওয়া উচিত।
- ❖ কার্যক্রমগুলির লভ্যতা নিশ্চিত করার জন্য আপনাকে আগেই সংস্থায় ফোন করার পরামর্শ দেওয়া হয়।

**প্রতিটি সংস্থার পাশে হাইলাইট করা প্রতীকগুলি সেটির দ্বারা প্রদান করা পরিষেবাগুলির পরিচায়ক।**

| | |
|---|---|
| পরামর্শদান ও সমাজের অংশগ্রহণ | আইনি পরিষেবা ও আইনি মর্যাদা |
| স্বাস্থ্য পরিচর্যা ও বীমা | সরকারী সহায়তা |
| আবাসন | নিরাপত্তা |
| শ্রম ও কর্মসংস্থান | যুবসমাজ ও শিক্ষা |

# সংস্থার ডাইরেক্টরি

1. **Adelante of Suffolk County, Inc. (Central Islip, NY)**
   ভাষা: ইংরেজি, হাইতিয়ান ক্রেওল, স্প্যানিশ
   83 Carleton Ave., Central Islip, NY 11722
   ফোন: (631) 234-1049
   http://adelantesc.us/index.html
   আবাসন ও কেস ম্যানেজমেন্ট, মানসিক স্বাস্থ্যবিধির ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি, পরিবার ও যুবসমাজ সংক্রান্ত পরিষেবা, আবাসন ও ভাড়াটে সংক্রান্ত পরামর্শদান পরিষেবা, চাকরি উন্নয়ন, ইংরেজি ক্লাস, যুব নেতৃত্ব ও একটি স্কুল-পরবর্তী কর্মসূচি, এবং পুষ্টি ও Medicaid এর ক্ষেত্রে সহায়তা প্রদান করে।

2. **Catholic Charities Diocese of Rockville Centre (Amityville, NY)**
   ভাষা: ইংরেজি, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, ইটালিয়ান, পোলিশ, স্প্যানিশ
   90 Cherry Lane, Hicksville, NY 11801
   ফোন: (516) 733-7000
   http://www.catholiccharities.cc/our-services/immigration-and-refugee-resettlement
   সর্বাঙ্গীণ ও নির্ভরযোগ্য আইনি পরামর্শ, আবেদন সম্পূর্ণ করা, এবং অভিবাসী গোষ্ঠীগুলির জন্য আদালতে প্রতিনিধিত্ব এবং শরণার্থীদের জন্য পুনর্বাসন পরিষেবা প্রদান করে। এছাড়াও পুষ্টি, স্বাস্থ্য, আবাসন, ও সরকারী সহায়তার ক্ষেত্রে সাধারণ পরিষেবাও দেয়।

3. **Central American Refugee Center (Hempstead, NY)**
   ভাষা: ইংরেজি, হিন্দী, স্প্যানিশ
   ফোন: (516) 489-8330
   http://www.carecenny.org/
   যেমন অস্থায়ী সুরক্ষিত অবস্থা, শৈশবে আগমনের জন্য স্থগিত পদক্ষেপ (Deferred Action for Childhood Arrivals), গ্রীন কার্ড নবায়ন, নাগরিকত্বের অধিকার ও পারিবারিক পিটিশনের মতো ক্ষেত্রগুলিতে অভিবাসী সম্প্রদায়গুলিকে আইনি সহায়তা প্রদান করে। এছাড়াও কর্মস্থলে ইংরেজি ক্লাস ও পক্ষসমর্থনের কাজ বিনামূল্যে প্রদান করে।

4. **Centro Corazón de Maria (Hampton Bays, NY)**
   ভাষা: ইংরেজি, স্প্যানিশ
   31 Montauk Highway, Hampton Bays, NY 11946
   ফোন: (631) 728-5558
   http://www.rshm.org/ministries/social_and_legal_services/
   ESL ক্লাস, প্রসব-পূর্ব কর্মসূচি, শিশু পরিচর্যা ও সন্তানপালনের কর্মশালা, স্বাস্থ্য শিক্ষা ও পরামর্শদান, জনসমাজের অনুষ্ঠান ও সহায়তা গোষ্ঠী, এবং সরকারী সুবিধা কর্মসূচিগুলির ক্ষেত্রে সহায়তা প্রদান করে।

5. **Centro Salvadoreño, Inc. (Hempstead, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

54 Washington St. #1 & #2, Hempstead, NY 11550

ফোন: (516) 565-1550

হেম্পস্টেডের হিস্প্যানিক অভিবাসী সম্প্রদায়কে তথ্য, শিক্ষা ও সহায়তা প্রদান করে। ইংরেজি ও স্প্যানিশ ক্লাস, শ্রম, ভাড়াটে, ও নাগরিক অধিকার সম্বন্ধে তথ্য, অভিবাসন ও নাগরিকত্বের অধিকারলাভে সহায়তা, অনুবাদ, সোশ্যাল সার্ভিস দরখাস্ত জমা দেওয়া এটির অন্তর্ভুক্ত, এবং তথ্যমূলক প্রকাশনা প্রস্তুত করে।

6. **Círculo de la Hispanidad (Hempstead, NY & Long Beach, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

605 Peninsula Blvd., Hempstead, NY 11550

ফোন: (516) 282-0145

http://cdlh.org/

শিক্ষা, ইংরেজি ও স্প্যানিশ সাক্ষরতা কর্মসূচি, GED-এর প্রস্তুতি ও কর্মজীবন সংক্রান্ত পরিষেবা, গার্হস্থ্য হিংসা, আবাসন, HIV/AIDS, ও যুবসমাজের পরিষেবার ক্ষেত্রে কর্মসূচিগুলির মাধ্যমে লং আইল্যান্ডে অভিবাসী সম্প্রদায়কে সেবা দেয়।

7. **Colonial Youth & Family Services (Shirley, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

2 Coraci Blvd. Suite 17, Shirley, NY 11967

ফোন: (631) 281-4461

http://colonialyfs.com/

সব বয়সের জন্য শিশু পরিচর্যা কর্মসূচি, ক্লিনিকাল বা চিকিতসাগত ও পরামর্শদান পরিষেবা, একটি শিক্ষার্থী স্বেচ্ছাসেবী গোষ্ঠী, ও পরিবার সহায়তা পরিষেবা প্রদান করে।

8. **Community Legal Advocates of New York (Garden City, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

38 Old Country Road #205, Garden City, NY 11530

ফোন: (516) 210-6763

http://www.cla-ny.org/

বিভিন্ন প্রকারের অভিবাসন ও অভিবাসন-বহির্ভূত নাগরিক অধিকারের বিষয়গুলির ওপরে বিনামূল্যে বা স্বল্প খরচে প্রত্যক্ষ প্রতিনিধিত্ব ও পরামর্শ প্রদান করে।

9. **Community Voices for Youth & Families (Roslyn, NY)**

ভাষা: ইংরেজি

P.O. Box 296, Roslyn, NY 11576-2180
ফোন: (516) 757-4079

http://cv4yf.org/site/
শিশুদের প্রভাবিত করে এমন কর্মসূচি ও নীতিগুলি সম্বন্ধে তথ্য প্রদান করে এবং যুবসমাজ ও পরিবার এবং তাদেরকে পরিষেবা প্রদানকারী সংস্থাগুলিকে সমর্থন করে।

10. **Coordinated Agency for Spanish Americans (Hempstead, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

40 Main St., Hempstead, NY 11550
ফোন: (516) 572-0750

https://www.nassaucountyny.gov/1584/Coordinated-Agency-for-Spanish-Americans
নাসাউ কাউন্টিতে হিস্প্যানিক ও ল্যাটিনো আমেরিকানদের অভিবাসন, আবাসন, ও শিক্ষা পরিষেবা, এবং রেফারাল ও তথ্য দিয়ে সহায়তা করে।

11. **Dejus Center, Inc. (Hempstead, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

236 Fulton Ave. Suite 222-A, Hempstead, NY 11550
ফোন: (516) 280-3379

https://www.dejuscenterinc.org/dejus-center-inc
প্রত্যক্ষ আইনি পরিষেবা, জনসমাজের শিক্ষা ও নাগরিক অংশগ্রহণের মাধ্যমে, কম বেতনের চাকরিতে কর্মরত অভিবাসী মানুষদের অর্থনৈতিক, রাজনৈতিক, ও সামাজিক ক্ষমতার উন্নয়ন ও বিস্তারের পক্ষসমর্থন করে।

12. **EAC Network**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

50 Clinton Street Suite 107
Hempstead, NY 11550
ফোন: (516) 539-0150 ফ্যাক্স: (516)539-0160

ওয়েবসাইট: https://eac-network.org/

ই-মেল: info@eac-network.org

পাঁচটি ক্ষেত্রে পরিষেবা দেয়: শিশু ও যুব, পরিবার ও জনসমাজ, আচরণগত স্বাস্থ্য ও অপরাধ সংক্রান্ত ন্যায়বিচার, প্রবীণ ও অক্ষম মানুষ, বৃত্তিমূলক পরিষেবা।

**13. Empire Justice Center (Central Islip, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ, কিন্তু এমন প্রযুক্তি আছে যা অন্য ভাষাগুলির জন্যও অনুবাদ করতে পারে

225 Eastview Dr. Room 222, Central Islip, NY 11722

ফোন: (631) 650-2306

https://empirejustice.org/

বিভিন্ন এলাকায় নিউ ইয়র্কের যারা গরীব, প্রতিবন্ধী বা বঞ্চিত অধিবাসীদের আইনি অধিকারগুলিকে শক্তিশালী করার জন্য মামলা, নীতি, ও প্রশিক্ষণের সাথে জড়িত। অপরাধের শিকার হওয়া অভিবাসীদের ওপরে মনোযোগ সমেত, অভিবাসন পরিষেবা, যার অন্তর্ভুক্ত হল সরকারী সুবিধা সহায়তা এবং প্রতিনিধিত্ব ও প্রযুক্তিগত সহায়তা।

---

**14. Family & Children's Association**

ভাষা: বহু ভাষার জন্য দোভাষী পরিষেবায় প্রবেশাধিকার আছে

100 E. Old Country Rd.
Mineola, NY 11501

ফোন: (516)746-0350

http://www.fcacares.com/

পারিবারিক শিক্ষা ও সহায়তা/শিশুদের মানসিক স্বাস্থ্য, প্রবীণ ও প্রাপ্তবয়স্কদের পরিষেবা; আবাসিক পরিচর্যা, নেশা প্রতিরোধ, চিকিৎসা ও আরোগ্য প্রদান করে।

---

**15. Family Service League – Long Island (Huntington, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

790 Park Ave., Huntington, NY 11743

ফোন: (631) 427-3700

http://www.fsl-li.org/

লং আইল্যান্ডে একাধিক স্থান পরিচালনা করে যেগুলি নেশা সংক্রান্ত পরিষেবা, শিশু ও যুবদের কর্মসূচি, পরিবারের মানসিক স্বাস্থ্য ও সহায়তা পরিষেবা, আবাসন ও গৃহহীনদের জন্য পরিষেবা, একীভূত স্বাস্থ্য পরিচর্যা, প্রযুক্তি ও চাকরির উন্নয়ন, এবং প্রবীণ মানুষ ও অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের জন্য সহায়তা প্রদান করে।

---

**16. Gerald Ryan Outreach Center (Wyandanch, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

1434 Straight Path, Wyandanch, NY 11798

ফোন: (631) 643-7591

http://geraldryanoutreach.org/

ওয়ান্ড্যাঞ্চ (Wyandanch) ও পার্শ্ববর্তী জনসমাজকে খাদ্য, পোশাক, শিক্ষা, ও কর্মসংস্থানের সুযোগসুবিধা প্রদান করে।

**17. Health and Welfare Council of Long Island (Melville, NY)**

ভাষা: ইংরেজি, হাইতিয়ান ক্রেওল, স্প্যানিশ

150 Broadhollow Road Suite 118, Melville, NY 11747

ফোন: (516) 483-1110

http://www.hwcli.com/

পক্ষসমর্থন, সহায়তা ও যোগাযোগের মাধ্যমে লং আইল্যান্ডে স্বাস্থ্য ও মানব পরিষেবা প্রদানকারীদের জন্য প্রাথমিক, লাভের উদ্দেশ্যবিহীন শাখা সংগঠন। অন্যান্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির সঙ্গে অংশীদারিত্বে সরকারী সহায়তা ও স্বাস্থ্য সেবার সুযোগলাভে সহায়তা করে।

**18. Hempstead Hispanic Civic Association (Hempstead, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

236 Main St., Hempstead, NY 11550

ফোন: (516) 292-0007

http://www.hempsteadhispanic.org/

হেম্পস্টেডের হিস্প্যানিক সম্প্রদায়কে পরিষেবা প্রদান করে। এর অন্তর্ভুক্ত হল পরামর্শদান, আবাসন সহায়তা, আমোদপ্রমোদমূলক কার্যকলাপ ও শিক্ষামূলক কর্মসূচি, অতিথি বক্তা ও নেতৃত্ব প্রশিক্ষণ, এবং প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের জন্য দ্বিভাষিক শিক্ষাদান।

**19. Hispanic Brotherhood of Rockville Centre, Inc. (Rockville Centre, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

59 Clinton Ave., Rockville Centre, NY 11570

ফোন: (516) 766-6610

http://www.hispanicbrotherhood.org/

ফ্রিপোর্ট, ওসানসাইড, লিনব্রুক ও ব্যাল্ডউইন-এ হিস্প্যানিক অভিবাসীদের সহায়তা প্রদান করে। পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হল একটি স্কুল-পরবর্তী কর্মসূচি ও শিক্ষাদান কর্মসূচি, আবাসন ও কর্মসংস্থান সংক্রান্ত পরামর্শদান, অনুবাদ, অভিবাসন ও আইনি সহায়তা, ভাড়াটে ও কর্মীদের পক্ষসমর্থন, এবং জরুরি খাদ্য।

**20. Hispanic Counseling Center (Hempstead, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

344 Fulton Ave., Hempstead, NY 11550

ফোন: (516) 538-2613

http://www.hispaniccounseling.org/

একটি দ্বিভাষিক ও দ্বিসাংস্কৃতিক সংগঠন যারা নাসাউ কাউন্টিতে হিস্প্যানিক সম্প্রদায়ের জন্য মাদক সেবনের চিকিৎসা পরিষেবা, পরামর্শদান, পক্ষসমর্থন, কেস ম্যানেজমেন্ট, ও অন্যান্য কর্মসূচি প্রদান করছে।

## 21. The Interfaith Nutrition Network (Hempstead, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

100 Madison Ave., Hempstead, NY 11550

ফোন: (516) 486-8506

https://the-inn.org/

হেম্পস্টেড, লং বীচ, ফ্রিপোর্ট, ও সেন্ট্রাল ইস্লিপ-এর স্যুপ কিচেন পরিচালনা করে, এছাড়াও সঙ্কটকালীন আশ্রয় ও দীর্ঘকালীন আবাসন কর্মসূচি চালায়।

---

## 22. La Fuerza Unida (Glen Cove, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

40 Glen St. Suite 1 2nd Floor, Glen Cove, NY 11542

ফোন: (516) 759-0788

http://www.lfuinc.org/

গ্লীন কোভে পার্শ্ববর্তী অঞ্চলগুলিতে স্বল্প আয়যুক্ত জনসমাজকে নানা কার্যক্রম প্রদান করে। এর অন্তর্ভুক্ত হল প্রাপ্তবয়স্ক শিক্ষা, কম্পিউটার সাক্ষরতা ও কর্মজীবনে প্রশিক্ষণ, যুবসমাজের কর্মসূচি, পাড়ার সংরক্ষণ ও উন্নয়ন, আবাসন এবং ফোরক্লোজার সংক্রান্ত পরামর্শদান, এবং নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা।

---

## 23. LGBT Network

ভাষা: বহু ভাষার জন্য দোভাষী পরিষেবায় প্রবেশাধিকার আছে

Bayshore Center
34 Park Ave.
Bayshore, NY 11706
ফোন: (631)665-2300 ফ্যাক্স: (631)665-7874

Hampton Center
44 Union St. Sag Harbor 11963
ফোন: (631)899-4950 ফ্যাক্স: (631)631-665-7874

Woodbury Center
20 Crossways Park Dr. N Suite 110
Woodbury, NY 11797
ফোন: (516)323-0011 ফ্যাক্স: (516)750-4715

www.lgbtnetwork.org

পরামর্শ ও মানসিক স্বাস্থ্য, HIV/STD পরীক্ষা, সহায়তা গোষ্ঠী প্রদান করে। তাদের প্রতি সপ্তাহে নিয়মিতভাবে-পরিকল্পিত কার্যক্রম ও পরিষেবাও আছে এবং সব বয়সের মানুষদের জন্য সর্বজনীন স্থান প্রদান করে।

## 24. Literacy Nassau, Inc. (Freeport, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

187 Smith St., Freeport, NY 11520

ফোন: (516) 867-3580

https://www.literacynassau.org/

বিশেষ প্রয়োজনসম্পন্ন প্রাপ্তবয়স্কদের জন্য ইংরেজি ভাষা ক্লাস, নাগরিকত্ব পরীক্ষার প্রস্তুতি, বই ও রচনা ক্লাব, এবং ভাষা-ভিত্তিক শেখার অক্ষমতা থাকা শিশুদের জন্য শিক্ষণ প্রদান করে।

## 25. Long Beach Latino Civic Association (Long Beach, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

52 East Park Ave., Long Beach, NY 11561

ফোন: (516) 889-4912

http://lblatinocivic.org/

প্রকাশনা, আউটরীচ, জনসমাজে সমীক্ষা, নেতৃত্ব বিকাশ, এবং সর্বজনীন ফোরামগুলির মাধ্যমে লং বীচের ল্যাটিনো জনসমষ্টিকে ক্ষমতা প্রদান করতে চায়, যাতে শিক্ষা, স্বাস্থ্য সেবা, পরিবেশগত সংরক্ষণ ও আর্থ-সামাজিক উন্নয়নের বিষয়গুলিকে উদ্দেশ করা যায়। এই ক্ষেত্রেগুলিতে ক্রিয়াকলাপ ও পরিষেবা প্রদান করে।

## 26. The Long Island Advocacy Center (New Hyde Park, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

999 Herricks Road, New Hyde Park, NY 11040

ফোন: (516) 248-2222

http://www.theliac.org/

নাসাউ ও সাফোক কাউন্টিগুলিতে শিক্ষা-সংক্রান্ত মামলাগুলিতে শিক্ষার্থী ও তাদের পরিবারকে আইনি সহায়তা ও পরিষেবা প্রদান করে।

## 27. Long Island Cares, Inc. (Hauppauge, NY)

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

10 Davids Drive, Hauppauge, NY 11788

ফোন: (631) 582-3663

https://www.licares.org/

লং আইল্যান্ডের কয়েকটি স্থানে একটি খাদ্য ব্যাংক পরিচালনা করে। এছাড়াও চাকরির প্রশিক্ষণ, শিশুদের পুষ্টি, পোষ্য প্রাণীর প্যান্ট্রি, এবং তথ্য, রেফারাল ও জরুরি খাবারের সাথে ভ্রাম্যমান ভ্যানের মতো কর্মসূচিগুলিও আছে।

**28. Long Island Language Advocates Coalition**

ভাষা: ইংরেজি, হাইতিয়ান ক্রেওল, স্প্যানিশ

https://www.longislandlanguageadvocates.org/

একটি সংস্থা যা পক্ষসমর্থন ও শিক্ষার মাধ্যমে সীমিত ইংরেজি দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের দ্বারা কর্মসূচির প্রাপ্তিসাধ্যতা বাড়াতে চায়। সীমিত ইংরেজি দক্ষতাসম্পন্ন ব্যক্তিদের জন্য তথ্য ও সংস্থান প্রদান করে এবং নাসাউ ও সাফোক কাউন্টিগুলির মধ্যে মাসে একবার করে পালটে সাক্ষাৎ করে।

**29. Long Island 2-1-1**

ভাষা: 200টি ভাষায় যারা কল করেছেন তাদের সঙ্গে কথোপকথন করতে পারে।

ফোন: 2-1-1 বা 1-888-774-7633

https://211longisland.communityos.org/zf/taxonomy/directory

2-1-1 Long Island এর উদ্দেশ্য হল লং আইল্যান্ডের সব অধিবাসীকে দৈনন্দিন ভিত্তিতে এবং বিপর্যয়ের সময়ে মানব পরিষেবাগুলিতে একটি ব্যাপক ইন্টারনেট সংযোগ প্রদান করা।

পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হল আবাসন ও ইউটিলিটি, সঙ্কট ও জরুরি অবস্থা, বিপর্যয়ে সহায়তা, খাদ্য, স্বাস্থ্য, চাকরি ও সহায়তা।

**30. Make the Road New York (Brentwood, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

1090 Suffolk Ave., Brentwood, NY 11717

ফোন: (631) 231-2220

https://maketheroadny.org/

প্রাপ্তবয়স্ক সাক্ষরতা, নাগরিক অংশগ্রহণ, জনসমাজকে সংগঠিত করা, স্বাস্থ্যসেবা ও সরকারী সহায়তার সুযোগপ্রাপ্তি, নেতৃত্ব বিকাশ, আইনি পরিষেবা এবং যুব ও স্কুল কর্মসূচিগুলিতে একটি প্রত্যক্ষ পরিষেবা ও পক্ষসমর্থনকারী সংস্থা।

**31. North Shore Child & Family Guidance Center (Roslyn Heights, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

480 Old Westbury Road, Roslyn Heights, NY 11577

ফোন: (516) 626-1971

https://www.northshorechildguidance.org/

জন্ম থেকে 24 বছর বয়স পর্যন্ত শিশুদের ও তাদের পরিবারকে মাদক সেবন, মানসিক স্বাস্থ্য ও বিকাশজনিত দেরির ক্ষেত্রগুলিতে ব্যক্তিগত চিকিৎসা ও পরিষেবা প্রদান করে। লং আইল্যান্ডে রোজলিন হাইটস, ম্যানহ্যাসেট ও ওয়েস্টবেরিতে তিনটি স্থান আছে।

**32. Organización Latino-Americana of Eastern Long Island (Sagaponack, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

P.O. Box 278, Sagaponack, NY 11962

ফোন: (631) 899-3441

https://www.olaofeasternlongisland.org/

চলচ্চিত্র উৎসব, নাট্য প্রস্তুতি, ESL ও কম্পিউটার ক্লাস, নেতৃত্ব সেমিনার, শিক্ষামূলক ফোরাম আয়োজন করা, ও পক্ষসমর্থনের প্রচেষ্টাগুলির মাধ্যমে শিল্পকলা, শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রগুলিতে কাজ করে।

**33. Pride for Youth (Bellmore, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

2050 Bellmore Ave., Bellmore, NY 11710

ফোন: (516) 679-9000

https://longislandcrisiscenter.org/

লং আইল্যান্ডে 30 বছর বয়স পর্যন্ত সমকামী, গে, উভকামী, হিজড়া ও কুইর/প্রশ্নকারী (LGBTQ) অল্পবয়স্ক মানুষদের জন্য পরামর্শদান, শিক্ষা ও অন্যান্য সহায়ক পরিষেবাগুলির সাথে একটি প্রত্যক্ষ পরিষেবা প্রদানকারী ও পক্ষসমর্থনকারী হিসেবে কাজ করে।

**34. Pronto of Long Island, Inc. (Bay Shore, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

128 Pine Aire Drive, Bay Shore, NY 11706

ফোন: (631) 231-8290

http://www.prontolongisland.com/

জনসমাজের অনুষ্ঠান, একটি খাবারের প্যান্ট্রি, পুরানো জামাকাপড় বিক্রয়কেন্দ্র, এবং হালকাভাবে ব্যবহৃত ঘরোয়া জিনিসপত্রের গুদাম, এবং দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ও নাগরিকত্ব ক্লাস প্রদান করে।

**35. SEPA Mujer (Patchogue, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

45 Oak St., Patchogue, NY 11772

ফোন: (631) 980-2555

http://sepamujer.org/

ল্যাটিনা অভিবাসী মহিলাদের জন্য শিক্ষামূলক ও নেতৃত্ব বিকাশের প্রশিক্ষণ প্রদান করে, জনসমাজের কাছে পৌঁছানোর প্রচেষ্টা, নির্যাতন ও সহিংসতার শিক্ষার হওয়া অভিবাসী মানুষদের জন্য আইনি পরিষেবা, ও রেফারাল প্রদান করে।

### 36. Suffolk County Division of Services for Children with Special Needs

ভাষা: বহু ভাষার জন্য দোভাষী পরিষেবায় প্রবেশাধিকার আছে

50 Laser Court
Hauppauge, NY 11788
ফোন: (631) 853-3100 – ফ্যাক্স: (631) 853-2310

http://www.suffolkcountyny.gov/departments/healthservices/servicesforchildrenwithspecialneeds.aspx

শিক্ষা, পক্ষসমর্থন ও প্রারম্ভিক হস্তক্ষেপমূলক পরিষেবা প্রদানের ক্ষেত্রে কাজ করে।

### 37. Suffolk County Youth Bureau

ভাষা: বহু ভাষার জন্য দোভাষী পরিষেবায় প্রবেশাধিকার আছে

H. Lee Dennison Building – 3rd Floor
100 Veterans Memorial Highway
Hauppauge, NY 11788-0099
ফোন: (631) 853-8270 ফ্যাক্স: (631) 853-8271

http://www.suffolkcountyny.gov/Departments/CountyExecutive/YouthBureau.aspx
youth.services@co.suffolk.ny.us

সাফোক কাউন্টির 21 বছরের কম বয়সী যুবসমাজকে পরিষেবা প্রদান করে তাদের শারীরিক, সামাজিক ও শিক্ষাগত কল্যাণ সুনিশ্চিত করার দ্বারা। এই সংস্থার দ্বারা চুক্তিবদ্ধ এজেন্সিগুলি নিম্নলিখিত পরিষেবাগুলি প্রদান করে: সঙ্কটজনক পরিস্থিতিতে হস্তক্ষেপ, ঘরোয়া ও আনুষ্ঠানিক পরামর্শদান, অস্থায়ী আশ্রয়, আমোদপ্রমোদমূলক/সাংস্কৃতিক অনুষ্ঠান, কর্মসংস্থানের কার্যক্রম, তথ্য ও রেফারাল, পক্ষসমর্থন, শিক্ষামূলক কর্মসূচি, ইউথ হটলাইন, এবং বাড়ি থেকে পালানো ও গৃহহীন যুবাদের জন্য পরিষেবা।

### 38. United Way of Long Island

ভাষা: 200টি ভাষায় কথোপকথন করতে পারে

819 Grand Blvd.
Deer Park, NY 11729-4511
ফোন: (631) 940-3700 – ফ্যাক্স: (631) 940-2551

www.unitedwayli.org

শিক্ষা; জরুরি পরিষেবা (খাদ্য আশ্রয়); স্বাস্থ্য

শিক্ষা, আর্থিক স্থিরতা ও স্বাস্থ্যের ওপরে মনোযোগ দিয়ে সুযোগসুবিধা তৈরি করে।

# স্টেটব্যাপী সংস্থান

**নিউ ইয়র্ক স্টেট অভিবাসী সংস্থান নির্দেশিকা**

**https://www.ny.gov/we-are-all-immigrants/new-york-state-immigrant-resource-guide**

নিউ ইয়র্ক স্টেট অভিবাসী সংস্থান নির্দেশিকা স্টেটের সরকারী সংস্থাগুলির একটি সর্বাঙ্গীণ তালিকা প্রদান করে যেগুলি ভাষাগত প্রাপ্তিসাধ্যতা, অপরাধ ও বৈষম্য, আইনি পরিষেবা, উপভোক্তা সুরক্ষা, স্বাস্থ্য পরিষেবা, আর্থিক সহায়তা, ও সমাজের অংশগ্রহণের ক্ষেত্রে পরিষেবা দিতে পারে।

**2-1-1 New York**

**https://211nys.org/**

আপনাকে স্বাস্থ্য ও মানব পরিষেবাগুলির সঙ্গে সংযুক্ত করে, সঙ্কটকালীন নয় এমন তথ্য পরিষেবার জন্য আপনার ফোনে 211 বিনামূল্যে ডায়াল করুন। অপারেটররা অনেক ভাষায় উপলব্ধ আছেন। তাদের পরিষেবাগুলির ডেটাবেস অনলাইনে পাওয়া যায়।

**Boards of Cooperative Educational Services (BOCES) of New York State**

**https://www.boces.org/**

BOCES "বিগ ফাইভ" (নিউ ইয়র্ক সিটি, বাফেলো, রচেস্টার, ইয়ংকার ও সাইরাকিউজ) বাদে প্রায় সবগুলি স্কুল ডিস্ট্রিক্টের ভাগীদারী শিক্ষামূলক কার্যক্রম ও পরিষেবা প্রদান করে। তাদের কিছু পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত আছে হাই স্কুল শিক্ষার্থীদের জন্য কর্মজীবন সংক্রান্ত ও প্রযুক্তিমূলক কার্যক্রম, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পরিষেবা, গ্রীষ্মকালীন স্কুল, এবং প্রাপ্তবয়স্কদের জন্য সাক্ষরতা ও কর্মসংস্থান প্রশিক্ষণ কার্যক্রম। ওপরের তালিকায় দেওয়া ওয়েবসাইটে আপনার স্থানীয় BOCES খুঁজে নিন।

**নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights, DHR)**

**https://dhr.ny.gov/**

DHR নিউ ইয়র্কের মানবাধিকার আইন বলবৎ করে, যা কর্মনিয়োগ, আবাসন, ঋণ, সরকারী বাসস্থানের জায়গাগুলিতে এবং অ-সাম্প্রদায়িক শিক্ষামূলক প্রতিষ্ঠানগুলিতে বয়স, জাতি, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন ঝোঁক, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধকতা, সামরিক অবস্থা ও অন্যান্য সুনির্দিষ্ট শ্রেণীগুলির ভিত্তিতে বৈষম্যকে নিষিদ্ধ করেছে। আপনি DHR-এর অনুসন্ধানের জন্য বৈষম্যমূলক অনুশীলনের অভিযোগগুলি তাদের ওয়েবসাইটে অথবা (888) 392-3644 এ রিপোর্ট করতে পারেন।

**নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA)**

**https://www.newamericans.ny.gov/**

ONA 27টি পাড়া-ভিত্তিক **অপরচুনিটি সেন্টার** পরিচালনা করে যেগুলি আইনি সহায়তা, অন্য-ভাষাভাষীদের-জন্য-ইংরেজি (English-for-Speakers-of-other-Languages, ESOL) ক্লাস, নাগরিকত্বের অধিকারলাভে সহায়তা, শিল্পোদ্যোগ সংক্রান্ত প্রশিক্ষণ এবং সরকারী পরিষেবার সুযোগ পাওয়ার ওপরে কর্মশালা সমেত, বিভিন্ন ধরনের বিনামূল্য পরিষেবা প্রদান করে। বহুভাষিক **নিউ ইয়র্ক স্টেট নিউ আমেরিকান্স হটলাইন** (1-800-566-7636) 200টির বেশি ভাষায় অভিবাসন সংক্রান্ত বিনামূল্য ও গোপনীয় তথ্য এবং বিশ্বস্ত সহায়তার প্রতি রেফারাল প্রদান করে।

**দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিস (Office of Bilingual Education and World Languages, OBEWL)**

**http://www.nysed.gov/bilingual-ed**

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের OBEWL ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষিক শিক্ষার্থীদের (ELLs/MLLs) জন্য নির্দেশনা ও সংস্থান প্রদান করে। তাদের ওয়েবসাইট সর্বাধিক সাম্প্রতিকতম বিধিনিয়ম ও স্মারকলিপি ছাড়াও মা-বাবাদের জন্য সংস্থান এবং নিউ ইয়র্কের স্কুলগুলিতে ELL/MLL শিক্ষার্থীদের পরিবারের জন্য একটি হটলাইন প্রদান করে।

**American Immigration Lawyers Association – নিউ ইয়র্ক চ্যাপ্টার**

http://www.ailany.org/

American Immigration Lawyers Association হল আইনজীবীদের একটি সংগঠন যা অভিবাসন আইনের চর্চা করে এবং শেখায়। তারা কয়েক হাজার U.S. ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্প, বিদেশী ছাত্রছাত্রী, বিনোদনকারী, খেলোয়াড় ও আশ্রয় প্রার্থীদের প্রতিনিধিত্ব করে, *প্রায়ই বিনামূল্যে* জনস্বার্থে।

**Asian American Federation**

http://www.aafny.org/

Asian American Federation নর্থইস্টে সমগ্র এশিয়ান সম্প্রদায় ব্যাপী পরিষেবা সংস্থাগুলির একটি নেটওয়ার্কের প্রতিনিধিত্ব করে। তারা স্বাস্থ্য ও মানব পরিষেবা, শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন, নাগরিক অংশগ্রহণ ও সামাজিক ন্যায়ের ক্ষেত্রগুলিতে গবেষণা, নীতি বিষয়ক পক্ষসমর্থন, জনগণের সচেতনতা, এবং সংস্থাগত উন্নয়নের ওপরে কাজ করে।

**Empire Justice Center**

https://empirejustice.org/

Empire Justice Center হল একটি স্টেটব্যাপী সংস্থা যা নিউ ইয়র্কের গরীব ও বঞ্চিত মানুষদের আইনি অধিকারগুলিকে শক্তিশালী করতে চায়। তারা প্রশিক্ষণ, সহায়তা এবং আইনি পরিষেবার প্রযুক্তিগত সহায়তা প্রদান করে, মানুষকে সরাসরি দেওয়ানি আইনি সহায়তা দেয় এবং নীতিগত বিশ্লেষণ, গবেষণা ও ওকালতিতে অংশ নেয়।

**Hispanic Federation**

https://hispanicfederation.org/

Hispanic Federation হল একটি জাতীয় ল্যাটিনো অলাভজনক সদস্যতাভিত্তিক সংগঠন যা শিক্ষা, স্বাস্থ্য, অভিবাসন, নাগরিক অংশগ্রহণ, অর্থনৈতিক ক্ষমতায়ন ও পরিবেশের ক্ষেত্রগুলিতে কাজ করে। তারা তাদের সদস্য গোষ্ঠীগুলিকে পরিষেবা দেওয়ার পাশাপাশি ল্যাটিনো মানুষদের পক্ষসমর্থন করে এবং প্রত্যক্ষ সামাজিক পরিষেবাগুলির সাথে কমিউনিটি সহায়তা কার্যক্রম চালায়।

**Immigrant Defense Project**

https://www.immigrantdefenseproject.org/

Immigrant Defense Project প্রশিক্ষণ ও পরামর্শ, প্রভাবশালী মামলা, ওকালতি, সম্প্রদায়ের অংশগ্রহণ ও শিক্ষা, যোগাযোগ ও বার্তাবিনিময়ের মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের জন্য ন্যায্যতা ও ন্যায় সুরক্ষিত করার লক্ষ্যে কাজ করে। তারা জনসমাজ ও আইনজীবীদের জন্য সংস্থান এবং বিনামূল্য আইনি পরামর্শের জন্য হটলাইন প্রদান করে।

**International Refugee Assistance Project (IRAP)**

https://refugeerights.org/

International Refugee Assistance Project শরণার্থী ও বাস্তুচ্যুত মানুষদের জন্য জনস্বার্থে *বিনামূল্য* প্রত্যক্ষ আইনি সহায়তা, মামলা ও ওকালতি প্রদান করে, এছাড়াও এই জনসমষ্টিগুলির জন্য তথ্য ও সংস্থান প্রদান করে।

## National Association for the Advancement of Colored People (NAACP)

https://www.nysnaacp.org/

NAACP সকল নাগরিকের জন্য রাজনৈতিক, শিক্ষামূলক, সামাজিক ও অর্থনৈতিক সাম্যের পক্ষসমর্থন করে এবং এমন একটি সমাজের পক্ষসমর্থন করে যেখানে জাতির ভিত্তিতে কোনো বৈষম্য ছাড়াই সব মানুষের সমান অধিকার আছে। তারা নাগরিক অংশগ্রহণ, ফৌজদারী ন্যায়, শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিকভাবে ধারাবাহিকতা বজায় থাকার ক্ষেত্রগুলিতে কাজ করে।

## New York Civil Liberties Union (NYCLU)

https://www.nyclu.org/

New York Civil Liberties Union মামলা, ওকালতি, জনশিক্ষা, ও সমাজকে সংগঠিত করার একটি বহুস্তরীয় কর্মসূচির মাধ্যমে নাগরিক স্বাধীনতা ও নাগরিক অধিকারের জন্য লড়াই করে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে NYCLU-এর আটটি অফিস আছে এবং নাগরিক অধিকার লংঘনের প্রতিক্রিয়ায় আইনি পরিষেবা, তথ্য ও সংস্থান প্রদান করে।

## New York Immigrant Coalition (NYIC)

https://www.nyic.org/

New York Immigrant Coalition হল নীতি ও ওকালতির একটি শাখা সংগঠন যা পুরো নিউ ইয়র্ক জুড়ে 200 এর বেশি অভিবাসী ও শরণার্থী অধিকার গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে। তারা ভোটারদের কাছে পৌঁছানো ও তাদেরকে সংহত করে, অভিবাসীদের সাথে সম্পর্কিত বিষয়গুলির ওপরে বহুভাষিক তথ্য সামগ্রী প্রদান করে, আইন ও নীতিসমূহের জন্য ওকালতি করে এবং অভিবাসন আইন ও অভিবাসীদের প্রভাবিত করে এমন অন্য বিষয়গুলির ওপরে বার্ষিক কর্মশালা ও প্রতিনিধিত্ব পরিচালনা করে।

## Parent-Child Home Program (PCHP)

http://www.parent-child.org/

Parent-Child Home Program এর কার্যক্রমের স্থানগুলির নেটওয়ার্ক কম আয়যুক্ত পরিবারগুলিকে প্রয়োজনীয় দক্ষতা ও উপকরণ প্রদান করে যাতে তাদের শিশুদের স্কুলে ও জীবনে সর্বোচ্চ সম্ভাবনা অর্জন করা নিশ্চিত করা যায়। পুরো নিউ ইয়র্ক জুড়ে তাদের 29টি কর্মস্থল আছে যেগুলি বাড়ি পরিদর্শন, শিক্ষামূলক সংস্থান বিতরণ ও পঠনপাঠনের প্রস্তুতিতে যুক্ত আছে।

## Protecting Immigrant New Yorkers (PINY)

https://protectingimmigrants.org/

Protecting Immigrant New Yorkers হল New York Immigrant Coalition এর আওতায় একটি কর্মী বাহিনী যা অভিবাসন পরিষেবার জালিয়াতির বিরুদ্ধে লড়ার জন্য সরকারী সংস্থা এবং জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির মধ্যে সমন্বয়সাধন করে। তারা সেরা অনুশীলনের প্রসার ঘটায়, কথোপকথনে উৎসাহ দেয়, প্রতারকদের বিরুদ্ধে আইন বলবৎকরণের পদক্ষেপে সহযোগিতা করে, জন সচেতনতা বিজ্ঞাপনী প্রচার, আপনার অধিকার জানুন প্রচারপত্র এবং প্রতারণার বিরুদ্ধে উপভোক্তাদের জন্য উপদেশের মতো সামগ্রী প্রস্তুত করে।

# কৃতজ্ঞতা স্বীকার

এই নির্দেশিকা প্রস্তুত করায় যারা অবদান রেখেছেন তাদের সবার প্রতি আমরা কৃতজ্ঞতা স্বরূপ বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করতে চাই। এছাড়াও, আমরা নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলির দ্বারা প্রদত্ত সহায়তার প্রশংসা করি:

Advocates for Children

❖

Education Trust NY

❖

Hispanic Federation

❖

নিউ ইয়র্ক অভিবাসন সংগঠন (New York Immigration Coalition)

❖

Regional Bilingual Resource Networks (RBERNs)

**OFFICE OF BILINGUAL EDUCATION AND WORLD LANGUAGES**

**http://www.p12.nysed.gov/biling/bilinged/ OBEWL@NYSED.GOV**